রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৮ , ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ২৮ জুন, ২০২১

নিম্নলিখিত বিলটি ১৪ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ২৮ জুন, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৯/২০২১

## Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 রহিতকরণকল্পে আনীত বিল

যেহেতু Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 (Ordinance No. XIII of 1961) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।—(১)** এ আইন Medical Colleges (Governing Bodies) (Repeal) Act, 2021 নামে অভিহিত হইবে।

২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 (Ordinance No. XIII of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।


মূল্য : টাকা ৪.০০

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন—

ক) কৃত কার্যক্রম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

খ) গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই;

গ) জারিকৃত প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশ, নীতিমালা, অনুমোদন, মনোনয়ন, যদি থাকে, তবে উহা সংশোধন বা বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে কার্যকর থাকিবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই; এবং

ঘ) দায়েরকৃত কোন মামলা বা কার্যধারা কোনো আদালতে চলমান থাকিলে উহা এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

১৯৬১ সনে বাংলাদেশে (তদানীন্তন পূর্ব পাকিস্তানে) প্রতিষ্ঠিত সরকারি মেডিকেল কলেজ পরিচালনার জন্য Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 প্রণয়ন করা হয়। কিন্তু কার্যত এই অধ্যাদেশটির তেমন কোন প্রয়োগ ছিলনা। অতঃপর ১৯৮৩ সালে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক দেশের মেডিকেল কলেজগুলো সুষ্ঠু পরিচালনার জন্য Academic Council for Medical College of Bangladesh এবং Disciplinary Committee for the Medical College of Bangladesh গঠন করা হয়। উক্ত সময় হতে অদ্যাবদি উক্ত একাডেমিক কাউন্সিল ও ডিসিপ্লিনারি কমিটি দ্বারাই সকল সরকারি মেডিকেল কলেজ পরিচালিত হয়ে আসছে। এছাড়া বেসরকারি মেডিকেল কলেজগুলো সংশ্লিষ্ট এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় এবং 'বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১১ (সংশোধিত)' অনুযায়ী পরিচালিত হচ্ছে। সুতরাং ১৯৬১ সালের Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 এর কার্যকারিতা নেই।

০২। Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 এর প্রায়োগিক সকল বিষয়ই বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কলেজ আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর বিভিন্ন ধারায় সন্নিবেশিত হয়েছে বিধায় উক্ত Ordinance টির বর্তমানে কার্যকারিতা/উপযোগিতা না থাকায় অধ্যাদেশটি রহিতকরণ করা সমীচীন হবে।

০৩। বর্ণিত অবস্থায়, Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 রহিতকরণকল্পে আনীত Medical Colleges (Governing Bodies) (Repeal) Act, 2021 শীর্ষক বিলটি জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

**জাহিদ মালেক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত| website: www.bgpress.gov.bd